দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৬৩/২০১৪ তারিখঃ ০৮/০৯/২০১৪ খ্রিঃ

**সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,** ২৪ ভাদ্র, ১৪২১ বাংলা

গত ২৭/০৮/২০১৪ তারিখ আমদানি রপ্তানি চালান শুল্কায়ন ও খালাস বা প্রেরণ বিষয়ে ফ্রেইট ফরোয়াডার্স কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারককে প্রদত্ত সেবার বিনিময়ে দাবীকৃত সার্ভিস চার্জ আদায় ও বৃদ্ধির যৌক্তিকতা যাচাই ও নির্ধারণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

## কার্যবিবরণী

বিষয়ঃ **আমদানি রপ্তানি চালান শুল্কায়ন ও খালাস বা প্রেরণ বিষয়ে ফ্রেইট ফরোয়ার্ডার্স কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারককে প্রদত্ত সেবার বিনিময়ে দাবীকৃত সার্ভিস চার্জ আদায় ও বৃদ্ধির যৌক্তিকতা যাচাই ও নির্ধারণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

গত ২৭/০৮/২০১৪ তারিখ আমদানি রপ্তানি চালান শুল্কায়ন ও খালাস বা প্রেরণ বিষয়ে ফ্রেইট ফরোয়াডার্স কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারককে প্রদত্ত সেবার বিনিময়ে দাবীকৃত সার্ভিস চার্জ আদায় ও বৃদ্ধির যৌক্তিকতা যাচাই ও নির্ধারণ বিষয়ে আলোচনার লক্ষ্যে সদস্য (শুল্ক নীতি) মহোদয়ের সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা (সংলাগ-ক) তে সন্নিবেশিত হলো।

২। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভা শুরু করেন। অতঃপর সভা আহ্বানের প্রেক্ষাপট বর্ণনাকালে সভাপতি মহোদয় ফ্রেইট ফরোয়ার্ডাস কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারককে প্রদত্ত সেবার বিনিময়ে দাবীকৃত Destination Service Charge (DSC(/NOC Charge আদায় ও বৃদ্ধির বিষয়ে বিগত সময়ের অনুষ্ঠিত সভা সমূহের পর্যালোচনা এবং CFR (Cost & Freight) ভিত্তিক আমদানি চালানের ক্ষেত্রে এই চার্জ আদায়ের আইনগত বৈধতা বিষয়ে বাংলাদেশ ফ্রেইট ফরোয়াডার্স এসোসিয়েশন (BAFFA) এবং BGMEA কর্তৃপক্ষের মতপার্থক্য বিষয়ে সভাকে অবহিত করেন। অতঃপর তিনি International Chamber of Commerce (ICC) কর্তৃক নির্ধরিত Incoterms অনুযায়ী CFR ভিত্তিক চালানের ক্ষেত্রে বর্ণিত চার্জ কে পরিশোধ করবে এর বিষয়ে আইসিসি, বাংলাদেশের সভাপতি এবং অন্যান্য প্রতিনিধিগণের উপস্থিতিতে পর্যালোচনার নিমিত্তে উভয় পক্ষকে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

৩। বিজিএমইএ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বারের প্রতিনিধি জনাব মাহবুব চৌধুরী তার বক্তব্যে বিল অব লেডিং (বি/এল) এ উল্লিখিত ফ্রেইট ফরোয়ার্ডারের পরিচিত, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের এতদসংক্রান্ত প্রজ্ঞাপনে উল্লিখিত বিধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ফ্রেইট ফরোয়াডার্স রুলস এবং বাংলাদেশ ব্যাংকের এতদসংক্রান্ত আদেশের বিধান অনুযায়ী CFR ভিত্তিক আমদানি চালানের ক্ষেত্রে যেকোন ধরণের চার্জ পরিশোধের দায়িত্ব রপ্তানিকারকের। আইসিসি কর্তৃক নির্ধারিত Incoterms অনুযায়ী এ চার্জ Seller কর্তৃক পরিশোধযোগ্য। এছাড়া, তিনি আরো বলেন, বাফা কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন দেশের Standard Trading Condition এর সূত্র উল্লেখপূর্বক সকল ক্ষেত্রেই এ সকল চার্জ Customer কর্তৃক পরিশোধযোগ্য। আর Customer এর সংজ্ঞা অনুযায়ী এই চার্জ প্রিন্সিপালকে পরিশোধ করতে হবে। বিজিএমইএ এর সাবেক সভাপতি জনাব সালাম মুর্শিদি, চট্টগ্রাম চেম্বারের প্রতিনিধি মাহাফুজুল শাহ চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধিগণ অনুরূপ বক্তব্য প্রদানপূর্বক আমদানি চালানের ক্ষেত্রে ফ্রেইট ফরোয়ার্ডার কর্তৃক বর্ণিত চার্জ আদায়ের ক্ষেত্রে দেশের আইন এবং আন্তর্জাতিক রীতি-নীতি অনুসরনপূর্বক সিদ্ধান্ত নেয়া প্রয়োজন মর্মে গুরুত্বআরোপ করেন।

৪। বাংলাদেশ ফ্রেইট ফরোয়াডার্স এসোসিয়েশনের পক্ষে এসোসিয়েশনের সভাপতি জনাব মাহাবুবুল আলম বিভিন্ন দেশের উদাহরণ টেনে Destination Service Charge (DSC(/NOC Charge বিষয়ে বলেন আমদানিকারককে প্রদত্ত সেবার বিপরীতে আমদানিকারক থেকে এ চার্জ আদায়যোগ্য। তিনি আরো উল্লেখ করেন, ফ্রেইট ফরোয়াডার্সগণ প্রিন্সিপালের সঙ্গে পার্টনারশীপের ভিত্তিতে Profit Sharing এর মাধ্যমে কাজ করে থাকে। তিনি দাবী করেন পূর্বে তুলনায় ফ্রেইট ফরোয়াডার্সের কার্যক্রম অনেক বেশী নিয়মতান্ত্রিক করা হয়েছে। তিনি আদায়যোগ্য Destination Service Charge (DSC(/NOC Charge বৃদ্ধির যৌক্তিকতা প্রসঙ্গে -- ফ্রেইট ফরোয়াডার্সগণের কার্যক্রমের ক্ষেত্রে অফিস ব্যবস্থাপনার বিভিন্ন ব্যয় বৃদ্ধির প্রসঙ্গ উল্লেখ করেন।

৫। আইসিসি বাংলাদেশের সভাপতি জনাব মাহাবুবুর রহমান উভয় পক্ষের বক্তব্যের বিষয়ে তার মতামত ব্যক্ত করে বলেন, ফ্রেইট ফরোয়ার্ডারগণ যে সেবা প্রদান করেন তার বিপরীতে কোন চার্জ আদায় করতে হলে সে বিষয়ে সেবা গ্রহীতা এবং সেবা প্রদানকারীর মধ্যে সুনির্দিষ্ট চুক্তি থাকা বাঞ্চনীয়। তবে এই জাতীয় চুক্তি না থাকলেও দীর্ঘদিনের রীতি অনুযায়ী হয়তো ফ্রেইট ফরোয়ার্ডারগণ এই চার্জ আদায় করে আসছে। উভয় পক্ষের মধ্যে বিদ্যমান মত পার্থক্য দূর করতে দুই পক্ষ এক সঙ্গে মিলিত হয়ে একটি গ্রহণযোগ্য সমাধানে আসতে পারে। অন্যথায় আইসিসি বাংলাদেশের ব্যবস্থাপনায় যে আর্বিট্রেশন কমিটি গঠন করা হয়েছে, সেখানে বিষয়টি রেফার করা যেতে পারে।

৬। আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারকে দেশের আইন এবং আন্তর্জাতিক রীতি-নীতি'র ভিত্তিতে নিজ নিজ দায়িত্ব পালনের বিষয়ে গুরুত্ব আরোপ করে সভাপতি মহোদয় ফ্রেইট ফরোয়াডার্স কর্তৃক আদায়কৃত চার্জ/ফি এর বিষয়টি জরুরী ভিত্তিতে নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সকলকে খোলামন নিয়ে আলোচনাপূর্বক সমাধান করার জন্য অনুরোধ করেন।

৭। বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক) আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের মধ্যে বিজিএমইএ, বিকেএমইএ, চট্টগ্রাম চেম্বার এবং বাংলাদেশ ফ্রেইট ফরোয়াডার্স কর্তৃক সার্ভিস চার্জ আদায় ও বৃদ্ধির যৌক্তিকতা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করবে;

খ) উক্ত সময়সীমার মধ্যে আলোচনা করে সমাধান করতে ব্যর্থ হলে উভয়পক্ষ বিষয়টি আইসিসি বাংলাদেশের ব্যবস্থাপনায় যে আর্বিট্রেশন কমিটি গঠন করা হয়েছে, সেখানে রেফার করবে; এবং

গ) এ বিষয়ে ঐক্যমত হওয়ার পূর্ব পর্যন্ত ফ্রেইট ফরোয়াডার্স কর্তৃক আদায়কৃত পূর্বের চার্জ অপরিবর্তিত থাকবে।

৮। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সদস্য (শুল্কঃ নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-১(৩)শুঃ প্রঃ প্রঃ ও সঃ/২০১৩/৩৫ (৮) তারিখ-৩১/০৮/২০১৪

পৃষ্ঠা নং- ৭১ প্রচারপত্র নং- ৬৩/২০১৪